# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৯৯

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ হাঁচিদানকারী ব্যক্তি ‘আলহামদু লিল্লাহ’ না বললে তার জবাবে ‘ইয়ারহামুকাল্লাহ’ (আল্লাহ তোমার উপর রহম করুন) না বলার বৈধতা প্রসঙ্গে

ذِكْرُ إِبَاحَةِ تَرْكِ تَشْمِيتِ الْعَاطِسِ إِذَا لَمْ يَحْمَدِ اللَّهَ جَلَّ وَعَلَا

---

আরবী

599 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّثَنَا مُعَاذُ بْنُ مُعَاذٍ وَجَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ قَالَا: حَدَّثَنَا سُلَيْمَانُ التَّيْمِيُّ قَالَ: حَدَّثَنَا أَنَسُ بْنُ مَالِكٍ قَالَ: عَطَسَ رَجُلَانِ عِنْدَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فشمَّت ـ أَوْ فَسَمَّتَ ـ أَحَدَهُمَا وَتَرَكَ الْآخَرَ قَالَ: (إِنَّ هَذَا حَمِدَ اللَّهَ وَإِنَّ هَذَا لَمْ يَحْمَدْهُ.)

الراوي : أَنَسُ بْنُ مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 599 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫৯৯. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “দুইজন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে হাঁচি দেয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের একজনের হাঁচির জবাব দিলেন আরেক জনের হাঁচির জবাব দিলেন না। তিনি বলেন: “এই ব্যক্তি আল্লাহর প্রশংসা করেছে আর এই ব্যক্তি আল্লাহর প্রশংসা করেনি।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৯৬৭৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৩৪৩; মুসান্নাফ ইবনু আাবী শায়বাহ: ৮/৬৮৩; ইবনু মাজাহ: ৩৭১৩; আত তায়ালিসী: ২০৬৫; বুখারী, আল আদাব: ৬২২৫; আদাবুল মুফরাদ: ৯৩১; হুমাইদী: ১২০৮; আবু দাউদ: ৫০৩৯; তিরমিযী: ২৭৪২; সহীহ মুসলিম: ২৯৯১; দারেমী: ২/২৮৩।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আদাবুল মুফরাদ: ৭২৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি ▯ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89101

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন